দৈনিক বাংলা

তারিখ 25 DEC 1994
পৃষ্ঠা ৭ কলাম ৮

০৭

# পটুয়াখালী সরকারী মহিলা কলেজে শিক্ষকের ২৩টি পদ খালি

নিজস্ব সংবাদদাতা : পটুয়াখালী, ২৪ ডিসেম্বর।—পটুয়াখালী সরকারী মহিলা কলেজে দীর্ঘদিন ধরে প্রায় অর্ধেক শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।

বৃহত্তর পটুয়াখালীর নারী শিক্ষার একমাত্র উচ্চ বিদ্যাপীঠ পটুয়াখালী সরকারী মহিলা কলেজ। এ কলেজে দীর্ঘদিন ধরে শিক্ষক স্বল্পতা বিরাজ করছে। অধ্যক্ষ ও উপাধ্যক্ষ মিলিয়ে কলেজে ৪৭ জন শিক্ষকের পদ রয়েছে। এরমধ্যে ২৩ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে অনেক দিন ধরে।

জানা গেছে, কলেজের বাংলা ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ৪ জনের ক্ষেত্রে ২ জন করে এবং ইংরেজী, অর্থনীতি ও ইতিহাস বিভাগে ৪ জনের ক্ষেত্রে ১ জন করে শিক্ষক রয়েছে। ইতিহাস ও দর্শন বিভাগে ১টি করে শিক্ষকের পদ খালি রয়েছে।

বিজ্ঞান বিভাগে শিক্ষক স্বল্পতা বেশী। পদার্থ, জীব ও প্রাণীবিদ্যা বিভাগে ৩ জনের ক্ষেত্রে ১ জন করে শিক্ষক রয়েছেন। কলেজে সহকারী গ্রন্থাগারিক ও শরীর চর্চা শিক্ষকও নেই।

কলেজে এই শিক্ষক স্বল্পতা চলছে অনেক দিন ধরে। এতে শিক্ষা কার্যক্রম দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। ফলে, অভিভাবকরা তাদের মেয়েদের এ কলেজে ভর্তির ব্যাপারে নিরুৎসাহিত হচ্ছে।